দৈনিক খবর

তারিখ ... 24 JAN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

১৫

৩

# ৪০টি সরকারী স্কুলে দ্বিতীয় শীফ্‌ট চালু করার সিদ্ধান্ত

সরকার ঢাকা মহানগরীর কয়েকটি সরকারী মাধ্যমিক স্কুলের বিভিন্ন শ্রেনীতে ভর্তি সমস্যার প্রবল চাপ নিরসনের উদ্দেশ্যে ৮টি সরকারী স্কুলে বর্তমান শিক্ষা বর্ষ হতে দ্বিতীয় শীফ্‌ট চালুর সিদ্ধান্ত গ্রহণ করেছেন। মহানগরীর যে ৮টি স্কুলে দ্বিতীয় শীফ্‌ট

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## ৪০টি সরকারী

প্রথম পৃষ্ঠার পর

চালু করা হবে সেগুলো হলো– সরকারী ল্যাবরেটরী স্কুল, ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী বালিকা বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, খিলগাঁও উচ্চ ও বিজ্ঞান কলেজ–স্কুল। এছাড়া দেশের পুরাতন জেলা শহরে অবস্থিত ৩২টি স্কুলেও বর্তমান শিক্ষা বর্ষ হতে দ্বিতীয় শীফ্‌ট চালুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে। খবর তথ্য বিবরণী'র।

উল্লেখ্য যে, ইতিপূর্বে ঢাকা মহানগরীর ১০টি ও পুরাতন জেলা শহরে অবস্থিত ১২টি সরকারী স্কুলে দ্বিতীয় শীফ্‌ট চালু করা হয়েছিলো।

দেশের যে স্কুলগুলোতে দ্বিতীয় শীফ্‌ট চালু করা হবে, সে স্কুলগুলোতে আগামী ৮ই ফেব্রুয়ারী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে, ১১ই ফেব্রুয়ারী ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে, ১৬ই ফেব্রুয়ারী ভর্তির কাজ শেষ হবে এবং ১৮ই ফেব্রুয়ারী ক্লাস শুরু হবে।

বিস্তারিত তথ্যের জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হয়েছে।